রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জানুয়ারি ১১, ২০১২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

নির্মাণ অধিশাখা

প্রজ্ঞাপন

ঢাকা, ৫ জানুয়ারি ২০১২ খ্রিস্টাব্দ/২২ পৌষ ১৪১৮ বঙ্গাব্দ

এস, আর, ও, নং ০৬-আইন/২০১২।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারি কর্মকমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা ঃ—

১। **সংক্ষিপ্ত শিরনামা।**—এই বিধিমালা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন "স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১১" নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় কিংবা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) "কমিশন" অর্থ বাংলাদেশ সরকারি কর্ম কমিশন;

(খ) "তফসিল" অর্থ এই বিধিমালার তফসিল;

(গ) "নিয়োগকারী কর্তৃপক্ষ" অর্থ সরকার বা সরকার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত যে কোন কর্মকর্তা;

(ঘ) "পদ" অর্থ তফসিলে উল্লিখিত কোন পদ;

মূল্যঃ টাকা ৬.০০

(ঙ) "প্রয়োজনীয় যোগ্যতা" অর্থ সংশ্লিষ্ট পদের জন্য তফসিলে উল্লিখিত যোগ্যতা;

(চ) "শিক্ষানবিস" অর্থ কোন পদে শিক্ষানবিস হিসাবে নিযুক্ত কোন ব্যক্তি;

(ছ) "স্বীকৃত বিশ্ববিদ্যালয়" বা "স্বীকৃত বোর্ড" বা "প্রতিষ্ঠান" বা "ইনস্টিটিউট" অর্থ আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা আইনের অধীনে প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয় বা বোর্ড বা প্রতিষ্ঠান বা ইনস্টিটিউট বা এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোন বিশ্ববিদ্যালয় বা বোর্ড বা প্রতিষ্ঠান বা ইনস্টিটিউটও ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। **নিয়োগ পদ্ধতি**।—(১) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর উদ্দেশ্য পূরণকল্পে, সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলী এবং তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে কোন পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগ করা হইবে, যথা ঃ—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে; এবং

(গ) প্রেষণে বদলীর মাধ্যমে।

(২) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগ করা হইবে না যদি তজ্জন্য তাহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে, এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়ঃসীমার মধ্যে না হয় ঃ

তবে শর্ত থাকে যে, কোন ব্যক্তিকে কোন পদে এডহক ভিত্তিতে ইতিপূর্বে নিয়োগ করা হইয়া থাকিলে, উক্ত পদে অব্যাহতভাবে নিযুক্ত থাকাকালীন কার্যাকালের জন্য তাহার সর্বোচ্চ বয়ঃসীমা শিথিল করা যাইতে পারে।

৪। **সরাসরি নিয়োগ**।—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোন পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতা বহির্ভূত কোন পদে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(৩) কোন পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশের ডমিসাইল না হন;

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৪) কোন পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহা-পরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা, ক্ষেত্রবিশেষে, তৎকর্তৃক মনোনীত কোন মেডিকেল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) এইরূপে বাছাইকৃত ব্যক্তি পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সীর মাধ্যমে তদন্ত না হইয়া থাকে ও তদন্তের ফলে দেখা না যায় যে, প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্তির জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৫) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহ্বানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফিসহ যথাযথ ফরমে (যদি থাকে) ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন;

(খ) সরকারি চাকুরী কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকেন এবং স্বীয় ঊর্ধ্বতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ**।—(১) এতদুদ্দেশ্যে পদোন্নতির জন্য গঠিত সংশ্লিষ্ট পদোন্নতি বা বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে ঃ

তবে শর্ত থাকে যে, তৃতীয় শ্রেণী হইতে দ্বিতীয় শ্রেণী এবং দ্বিতীয় শ্রেণী হইতে প্রথম শ্রেণীর পদে কমিশনের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে।

(২) যদি কোন ব্যক্তির চাকুরীর বৃত্তান্ত সন্তোষজনক না হয়, তাহা হইলে তিনি কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৬। **শিক্ষানবিস**।—(১) কোন স্থায়ী শূন্য পদের বিপরীতে কোন পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিস স্তরে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, যোগদানের তারিখ হইতে দুই বৎসরের জন্য; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, যোগদানের তারিখ হইতে এক বৎসরের জন্য নিয়োগ করা হইবে ঃ

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া শিক্ষানবিস এর মেয়াদ এইরূপে বৃদ্ধি করিতে পারিবেন যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে দুই বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোন শিক্ষানবিসের শিক্ষানবিসির মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে, তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, কিংবা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই, সেইক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিসির চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৩) শিক্ষানবিসির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূর্ণ হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিসির মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল, তাহা হইলে উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাহাকে চাকুরীতে স্থায়ী করিবেন; এবং

(খ) যদি মনে করেন যে, উক্ত মেয়াদ চলাকালে শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৪) কোন শিক্ষানবিসকে কোন নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না যতক্ষণ না সরকারি আদেশবলে, সময়ে সময়ে, যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি পাস করেন ও প্রশিক্ষণ গ্রহণ করেন।

৭। **রহিতকরণ ও হেফাজত**।—(১) "নির্মাণ ও রক্ষণাবেক্ষণ ব্যবস্থাপনা ইউনিট [সিএমএমইউ] এর (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০৬" এতদ্‌দ্বারা রহিত করা হইল।

(২) উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও, রহিত বিধিমালার আওতায় যে সকল কার্যক্রম নিষ্পন্ন হইয়াছে তাহা এই বিধিমালার অধীনে সম্পন্ন হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং এই বিধিমালা জারির তারিখে অনিষ্পন্ন কার্যাদি, যতদূর সম্ভব, এই বিধিমালার অধীনে এতদ্‌দ্বারা নিষ্পন্ন করিতে হইবে।

তফসিল

ক্রমিক নং	পদের নাম	সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা	নিয়োগ পদ্ধতি	যোগ্যতা
(১)	(২)	(৩)	(৪)	(৫)
১।	প্রধান প্রকৌশলী	..	**পদোন্নতির মাধ্যমে ঃ** তবে পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী পাওনা না গেলে প্রেষণে বদলীর মাধ্যমে।	**পদোন্নতির ক্ষেত্রে ঃ** তত্ত্বাবধায়ক প্রকৌশলী পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরীসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ১৮(আঠার) বৎসরের চাকরি। **প্রেষণে বদলীর ক্ষেত্রে ঃ** সিভিল ইঞ্জিনিয়ারিং প্রকল্প পরিচালনায় অভিজ্ঞতাসম্পন্ন পুর কৌশলে স্নাতক ডিগ্রীধারী কর্মকর্তাদের মধ্য হইতে অথবা অন্য কোন ক্যাডার বা বিভাগের প্রধান প্রকৌশলী অথবা প্রধান প্রকৌশলী হিসেবে নিয়োগলাভের যোগ্য এমন কোন কর্মকর্তা।
২।	তত্ত্বাবধায়ক প্রকৌশলী	..	পদোন্নতির মাধ্যমে।	**পদোন্নতির ক্ষেত্রে ঃ** (ক) নির্বাহী প্রকৌশলী পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরীসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ১২(বার) বৎসরের চাকরি; এবং (খ) স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হইতে প্রকৌশলে স্নাতক পরীক্ষায় উত্তীর্ণ অথবা এএমআইই বাংলাদেশের সেকশন-এ এবং বি পরীক্ষায় উত্তীর্ণ।
৩।	পরিচালক	..	প্রেষণে বদলীর মাধ্যমে।	**প্রেষণে বদলীর ক্ষেত্রে ঃ** উপ-সচিব পদে কর্মরত কর্মকর্তাদের মধ্য হইতে প্রেষণে বদলীর মাধ্যমে।
৪।	নির্বাহী প্রকৌশলী (পুর)	..	পদোন্নতির মাধ্যমে।	**পদোন্নতির ক্ষেত্রে ঃ** সহকারী প্রকৌশলী (পুর) পদে অন্যূন ৭(সাত) বৎসরের চাকরি।

(১)	(২)	(৩)	(৪)	(৫)
৫।	নির্বাহী প্রকৌশলী (তড়িৎ)	..	পদোন্নতির মাধ্যমে।	**পদোন্নতির ক্ষেত্রে ঃ** সহকারী প্রকৌশলী (তড়িৎ) পদে অন্যূন ৭(সাত) বৎসরের চাকরি।
৬।	উপ-পরিচালক	..	প্রেষণে বদলীর মাধ্যমে।	**প্রেষণে বদলীর ক্ষেত্রে ঃ** সিনিয়র সহকারী সচিব পদে কর্মরত কর্মকর্তাদের মধ্য হইতে প্রেষণে বদলীর মাধ্যমে।
৭।	সহকারী প্রধান স্থপতি	..	পদোন্নতির মাধ্যমে।	**পদোন্নতির ক্ষেত্রে ঃ** সহকারী স্থপতি পদে অন্যূন ৭(সাত) বৎসরের চাকরি।
৮।	সহকারী প্রকৌশলী (পুর)	অনূর্ধ্ব ৩০ বৎসর	(ক) ৩৩% পদ পদোন্নতির মাধ্যমে; এবং (খ) ৬৭% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে।	**পদোন্নতির ক্ষেত্রে ঃ** স্বীকৃত কোন পলিটেকনিক ইনস্টিটিউট হইতে পুরকৌশলে ডিপ্লোমা এবং উপ-সহকারী প্রকৌশলী (পুর) বা এস্টিমেটর (পুর) পদে অন্যূন ৮ (আট) বৎসরের চাকরি। **সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ** স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হইতে পুরকৌশলে স্নাতক পরীক্ষায় উত্তীর্ণ অথবা এএমআইই বাংলাদেশ এর সেকশন-এ এবং বি পরীক্ষায় উত্তীর্ণ।
৯।	সহকারী প্রকৌশলী (তড়িৎ)	অনূর্ধ্ব ৩০ বৎসর	(ক) ৩৩% পদ পদোন্নতির মাধ্যমে; এবং (খ) ৬৭% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে।	**পদোন্নতির ক্ষেত্রে ঃ** স্বীকৃত কোন পলিটেকনিক ইনস্টিটিউট হইতে তড়িৎকৌশলে ডিপ্লোমা এবং উপ-সহকারী প্রকৌশল (তড়িৎ) বা এস্টিমেটর (তড়িৎ) পদে অন্যূন ৮(আট) বৎসরের চাকরি। **সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ** স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হইতে তড়িৎকৌশলে স্নাতক পরীক্ষায় উত্তীর্ণ অথবা এএমআইই বাংলাদেশ এর সেকশন-এ এবং বি পরীক্ষায় উত্তীর্ণ।

(১)	(২)	(৩)	(৪)	(৫)
১০।	সহকারী স্থপতি	অনূর্ধ্ব ৩০ বৎসর	**পদোন্নতির মাধ্যমে ঃ** তবে পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	**পদোন্নতির ক্ষেত্রে ঃ** ড্রাফটস্‌ম্যান (উচ্চতর) পদে অন্যূন ৮(আট) বৎসরের চাকরি এবং স্বীকৃত কোন পলিটেকনিক ইনস্টিটিউট হইতে স্থাপত্য কৌশলে অন্যূন দ্বিতীয় শ্রেণীর ডিপ্লোমা। **সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ** স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হইতে স্থাপত্য কৌশলে স্নাতক পরীক্ষায় উত্তীর্ণ।
১১।	প্রশাসনিক কর্মকর্তা	..	পদোন্নতির মাধ্যমে।	**পদোন্নতির ক্ষেত্রে ঃ** সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর, কম্পিউটার অপারেটর এবং উচ্চমান সহকারী পদে অন্যূন ১০(দশ) বৎসরের চাকরি এবং স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
১২।	হিসাবরক্ষণ কর্মকর্তা	..	পদোন্নতির মাধ্যমে।	**পদোন্নতির ক্ষেত্রে ঃ** হিসাবরক্ষক এবং ক্যাশিয়ার পদে অন্যূন ১০(দশ) বৎসরের চাকরি এবং স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে স্নাতক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
১৩।	সংগ্রহ কর্মকর্তা	..	পদোন্নতির মাধ্যমে।	**পদোন্নতির ক্ষেত্রে ঃ** উচ্চমান সহকারী, স্টোরকিপার পদে অন্যূন ১০(দশ) বৎসরের চাকরি এবং স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
১৪।	উপ-সহকারী প্রকৌশলী (পুর)	অনূর্ধ্ব ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ** স্বীকৃত কোন পলিটেকনিক ইনস্টিটিউট হইতে পুরকৌশলে অন্যূন দ্বিতীয় শ্রেণীর ডিপ্লোমা।

(১)	(২)	(৩)	(৪)	(৫)
১৫।	উপ-সহকারী প্রকৌশলী (তড়িৎ)	অনূর্ধ্ব ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ** স্বীকৃত কোন পলিটেকনিক ইনস্টিটিউট হইতে তড়িৎকৌশলে অন্যূন দ্বিতীয় শ্রেণীর ডিপ্লোমা।
১৬।	এস্টিমেটর (পুর)	অনূর্ধ্ব ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ** স্বীকৃত কোন পলিটেকনিক ইনস্টিটিউট হইতে পুরকৌশলে অন্যূন দ্বিতীয় শ্রেণীর ডিপ্লোমা।
১৭।	এস্টিমেটর (তড়িৎ)	অনূর্ধ্ব ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ** স্বীকৃত কোন পলিটেকনিক ইনস্টিটিউট হইতে তড়িৎকৌশলে অন্যূন দ্বিতীয় শ্রেণীর ডিপ্লোমা।
১৮।	ড্রাফটস্‌ম্যান (উচ্চতর)	অনূর্ধ্ব ৩০ বৎসর	(ক) ৫০% পদ পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং (খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে।	**পদোন্নতির ক্ষেত্রে ঃ** ড্রাফটস্‌ম্যান (নিম্নতর) পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি। **সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ** স্বীকৃত কোন পলিটেকনিক ইনস্টিটিউট হইতে স্থাপত্য কৌশলে অন্যূন দ্বিতীয় শ্রেণীর ডিপ্লোমা।
১৯।	ড্রাফটস্‌ম্যান (নিম্নতর)	অনূর্ধ্ব ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ** স্বীকৃত কোন ইনস্টিটিউট হইতে দুই বৎসরের নক্‌শাকার ট্রেডকোর্স পরীক্ষায় উত্তীর্ণ।
২০।	কম্পিউটার অপারেটর	অনূর্ধ্ব ৩০ বৎসর	The Computer personnel (Government and Local Authorities) Recruitment Rules, 1985 অনুযায়ী।	
২১।	স্টেনোগ্রাফার	অনূর্ধ্ব ৩০ বৎসর	The Stenogrsphers & Typists (Ministries, Divisions and attached Departments) Recuritments Rules, 1978 অনুযায়ী; তবে শুধুমাত্র মুদ্রাক্ষর যন্ত্রের গতি সম্পর্কিত বিধানের পরিবর্তে কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদির সর্বনিম্ন গতি নিম্নরূপ হইতে হইবে, যথা ঃ— (ক) বাংলায় প্রতি মিনিটে সর্বনিম্ন ২৫ শব্দ; (খ) ইংরেজী প্রতি মিনিটে সর্বনিম্ন ৩০ শব্দ।	

(১)	(২)	(৩)	(৪)	(৫)
২২।	হিসাব রক্ষক	অনূর্ধ্ব ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ** স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে দ্বিতীয় শ্রেণীর স্নাতক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; তবে সংশ্লিষ্ট ক্ষেত্রে বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার দেওয়া হইবে।
২৩।	ক্যাশিয়ার	অনূর্ধ্ব ৩০ বৎসর	পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতির জন্য যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	**পদোন্নতির ক্ষেত্রে ঃ** করণিক-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের চাকরি। **সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ** স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে দ্বিতীয় শ্রেণীর স্নাতক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
২৪।	উচ্চমান সহকারী	অনূর্ধ্ব ৩০ বৎসর	(ক) ৫০% পদ পদোন্নতির মাধ্যমে; এবং (খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে।	**পদোন্নতির ক্ষেত্রে ঃ** করণিক-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের চাকরি। **সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ** স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণীর স্নাতক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
২৫।	স্টোর কিপার	অনূর্ধ্ব ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	**সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ** স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণীর স্নাতক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে।
২৬।	ডাটা এন্ট্রি অপারেটর	অনূর্ধ্ব ৩০ বৎসর	The Computer Personnel (Government and Local authorities) Recruitment Rules, 1985 অনুযায়ী।	

(১)	(২)	(৩)	(৪)	(৫)
২৭।	করণিক-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক	অনূর্ধ্ব ৩০ বৎসর	নিম্নমান সহকারী-তথ্য-মুদ্রাক্ষরিক, প্লেইন পেপার কপিয়ার, ডুপ্লিকেটিং মেশিন অপারেটর, ডেসপাস রাইডার, দপ্তরী ও এমএলএসএস (মন্ত্রণালয়, বিভাগ ও সংযুক্ত অধিদপ্তর) বিধিমালা, ১৯৯৩ অনুযায়ী; তবে শুধুমাত্র মুদ্রাক্ষর যন্ত্রের গতি সম্পর্কিত বিধানের পরিবর্তে কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদির সর্বনিম্ন গতি নিম্নরূপ হইতে হইবে, যথা ঃ— (ক) বাংলায় প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ; (খ) ইংরেজী প্রতি মিনিটে সর্বনিম্ন ২৫ শব্দ।	
২৮।	গাড়ী চালক (হালকা/ ভারী)	অনূর্ধ্ব ৩০ বৎসর	স্থায়ী পদের ক্ষেত্রে The Gazetted & Non-Gazetted Staff (Government Transport Directorate) Recruitment Rules, 1984 অনুযায়ী এবং অস্থায়ী পদের ক্ষেত্রে অর্থ মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত আউট সোর্সিং নীতিমালা অনুসরণে।	
২৯।	ডুপ্লিকেটিং মেশিন অপারেটর	অনূর্ধ্ব ৩০ বৎসর	নিম্নমান সহকারী-তথা-মুদ্রাক্ষরিক, প্লেইন পেপার কপিয়ার, ডুপ্লিকেটিং মেশিন অপারেটর, ডেসপাস রাইডার, দপ্তরী ও এমএল এসএস (মন্ত্রণালয়, বিভাগ ও সংযুক্ত অধিদপ্তর) বিধিমালা, ১৯৯৩ অনুযায়ী।	
৩০।	ক্যাশ সরকার	অনূর্ধ্ব ৩০ বৎসর	পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতি যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	**পদোন্নতির ক্ষেত্রে ঃ** এমএলএসএস পদে অন্যূন ০৩ (তিন) বৎসরের চাকরি। **সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ** স্বীকৃত কোন বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস,এস, সি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
৩১।	দপ্তরী	অনূর্ধ্ব ৩০ বৎসর	নিম্নমান সহকারী-তথা-মুদ্রাক্ষরিক, প্লেইন পেপার কপিয়ার, ডুপ্লিকেটিং মেশিন অপারেটর, ডেসপাস রাইডার, দপ্তরী ও এমএলএস এস (মন্ত্রণালয়, বিভাগ ও সংযুক্ত অধিদপ্তর) বিধিমালা, ১৯৯৩ অনুযায়ী।	
৩২।	এমএলএসএস	অনূর্ধ্ব ৩০ বৎসর	স্থায়ী পদের ক্ষেত্রে সরাসরি নিয়োগের মাধ্যমে এবং অস্থায়ী পদের ক্ষেত্রে অর্থ মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত আউট সোর্সিং নীতিমালা অনুসরণে।	স্বীকৃত কোন বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।

(১)	(২)	(৩)	(৪)	(৫)
৩৩।	নৈশ প্রহরী	অনূর্ধ্ব ৩০ বৎসর	স্থায়ী পদের ক্ষেত্রে সরাসরি নিয়োগের মাধ্যমে এবং অস্থায়ী পদের ক্ষেত্রে অর্থ মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত আউট সোর্সিং নীতিমালা অনুসরণে।	অন্যূন অষ্টম শ্রেণী/জুনিয়র সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ এবং শারীরিক যোগ্যতা ও সুঠাম দেহের অধিকারী হইতে হইবে।
৩৪।	ঝাড়ুদার/ সুইপার	অনূর্ধ্ব ৩০ বৎসর	স্থায়ী পদের ক্ষেত্রে সরাসরি নিয়োগের মাধ্যমে এবং অস্থায়ী পদের ক্ষেত্রে অর্থ মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত আউট সোর্সিং নীতিমালা অনুসরণে।	অন্যূন অষ্টম শ্রেণী/জুনিয়র সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ এবং শারীরিক যোগ্যতা থাকিতে হইবে। পেশাগত কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার দেওয়া হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মুহম্মদ হুমায়ুন কবির
সচিব।

মোহাম্মদ জাকীর হোসেন (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd